দৈনিক জনকণ্ঠ

তারিখ 31 MAY 1995
পৃষ্ঠা ৩ কলাম ৪

47

# যশোর বোর্ডে এইচএসসি পরীক্ষাতেও রেজিস্ট্রেশন কেলেঙ্কারি! ১২ হাজার আবেদন বাতিল হতে পারে

জনকণ্ঠ রিপোর্ট

এসএসসিতে রেজিস্ট্রেশন কেলেঙ্কারির পর এবার যশোর শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষায়ও রেজিস্ট্রেশন কেলেঙ্কারি ধরা পড়েছে। পরীক্ষার ফরম যাচাইকালে দেখা যায় বিপুল সংখ্যক এইচএসসি পরীক্ষার্থী বোর্ডের বিনা অনুমতিতে কেন্দ্র পরিবর্তন করেছেন। যা সম্পূর্ণ অবৈধ।

যশোর শিক্ষা বোর্ডের ২শ' ৪০টি কলেজ থেকে এবার প্রায়

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## যশোর বোর্ডে

(প্রথম পাতার পর)

১০ হাজার পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষা দেবেন। এর মধ্যে অনন্ত ১শ' ৪০টি কলেজের বিপুর সংখ্যক ছাত্রছাত্রী নিয়ম বহির্ভূতভাবে এক কলেজ থেকে অন্য কলেজের ছাত্রছাত্রী হিসাবে পরীক্ষার আবেদন করেছেন। আর এ ব্যাপারে সহযোগিতা করেছেন শিক্ষা বোর্ডের কিছু দুর্নীতি পরায়ণ কর্মকর্তা ও কর্মচারী। তারা রেজিস্ট্রেশনধারীদের পাঠানো ব্যাংক ড্রাফট গ্রহণ করেছেন। যার ফলে তারা স্বীকৃতি পেয়েছেন বৈধ পরীক্ষার্থী হিসাবে।

বোর্ডের দায়িত্বশীল সূত্র জানায়, ঐ সমস্ত কলেজের নিকট চিঠি পাঠানো হয়েছে। উত্তর পেলে সিদ্ধান্ত নেয়া হবে। জানা গেছে, প্রায় ১২ হাজার পরীক্ষার্থীর আবেদন বাতিলের ব্যাপারে সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে। আনুষ্ঠানিকতা সম্পন্ন হলেই তা কার্যকর ও ঘোষণা করা হবে। ঐ সূত্র আরও জানায়, এ বছর শিক্ষা বোর্ড ২৬টি কলেজের অনুমোদন দিয়েছে। এই অনুমোদনের ক্ষেত্রে যথাযথ আইন মানা হয়নি বলে অভিযোগ রয়েছে। উল্লেখ্য, জুলাই মাসের ৬ তারিখ থেকে এইচএসসি পরীক্ষা শুরু হবে।